গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
চট্টগ্রাম কলেজ চট্টগ্রাম

২০২২-২০২৩ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) এম.এ/এম.এস.এস/এম.এস.সি কোর্সে **কোটায় মেধা** তালিকায় উত্তীর্ণ শিক্ষার্থীদের ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি।

তারিখ : ২৬/০৮/২০২৫

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ১৯.০৮.২০২৫ খ্রি. তারিখের ১৬(৬৯৩) জাতী:বি:/রেজি:/একা:/প্রিলিমিনারী টু মাস্টার্স/২০২২-২০২৩/৫৩৯৯ এর বিজ্ঞপ্তি অনুযায়ী জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে চট্টগ্রাম কলেজে ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) এম.এ/এম.এস.এস/এম.এস.সি কোর্সে **কোটায় মেধা** তালিকায় স্থান পাওয়া শিক্ষার্থীদের ভর্তি কার্যক্রম অনলাইনে সম্পন্ন করা হবে। কোটায় উত্তীর্ণ শিক্ষার্থীদের তাদের কোটার স্বপক্ষে প্রমাণপত্রসহ সংশ্লিষ্ট কাগজপত্র নিয়ে আগামী ২৭.০৮.২০২৫ খ্রি. এবং ২৮.০৮.২০২৫ তারিখ সকাল ১০:০০ টা থেকে ১১:০০ টার মধ্যে ভর্তি কমিটির আহ্বায়ক রাষ্ট্রবিজ্ঞান বিভাগের প্রফেসর মোহাম্মদ আবুল হাসেম চৌধুরী এঁর নিকট সাক্ষাৎকার প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হল।

ভর্তির জন্য শিক্ষার্থীদের প্রতি নির্দেশনা:

১। মুক্তিযোদ্ধা কোটায় ভর্তি ক্ষেত্রে মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ও সচিব মহোদয় কর্তৃক স্বাক্ষরিত অথবা ১৯৯৭ থেকে ২০০১ সাল পর্যন্ত মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক স্বাক্ষরিত মূলসনদ পত্র এবং ০৩ সেট ফটোকপি।

২। আদিবাসী / দৃষ্টি প্রতিবন্ধীদের ক্ষেত্রে জেলা প্রশাসক / উপজেলা নির্বাহী কর্মকর্তা / উপজেলা সমাজ সেবা অফিসার কর্তৃক ইস্যুকৃত মূল সনদপত্র এবং ০৩ সেট ফটোকপি।

৩। জাতীয় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের সন্তান ও সন্তানাদি পোষ্য কোটায় ভর্তির ক্ষেত্রে পোষ্য হিসেবে প্রমাণপত্র এবং জাতীয় বিশ্ববিদ্যালয়ের রেজিষ্ট্রার দপ্তর থেকে পোষ্য হিসেবে মূল প্রত্যয়ন পত্র এবং ০৩ সেট ফটোকপি।

৪। জাতীয় বিশ্ববিদ্যালয়ের www.nu.ac.bd.admissions) ওয়েবসাইটে **applicant Login** অপশন থেকে **Masters Preli. (REGULAR) Applicant Login** করে অনলাইনে পূরণকৃত চূড়ান্ত আবেদন ফরম ডাউনলোড ও প্রিন্ট করতে হবে।

৫। ভর্তি প্রক্রিয়ার অংশ হিসেবে http://ctgcollege.eshiksabd.com লিংকে গিয়ে **Admission** ক্লিক করে চট্টগ্রাম কলেজের অনলাইন ভর্তি ফরম পূরণপূর্বক ডাউনলোড ও প্রিন্ট করতে হবে।

৬। ভর্তি ফরমে নীচে উল্লিখিত ভর্তি ফি উপায়/রকেট/বিকাশ/সোনালী পে অ্যাপস এর মাধ্যমে ২৭.০৮.২০৫ খ্রি. হতে ২৮.০৮.২০২৫ খ্রি. তারিখের মধ্যে জমা প্রদান করতে হবে (সরকারি ছুটির দিন ব্যতীত)।

৭। ভর্তি ফি পরিশোধ সফল হলে প্রাপ্ত ডিজিটাল রশিদের ৩ (তিন) টি কপি ডাউনলোড ও প্রিন্ট করতে হবে।

৮। ভর্তি ফি জমাদান পূর্বক স্ব স্ব বিভাগে নিম্নবর্ণিত কাগজপত্র জমা দেওয়ার মাধ্যমে ভর্তি সম্পন্ন করতে হবে:

* জাতীয় বিশ্ববিদ্যালয়ের চূড়ান্ত আবেদন ফরম ও চট্টগ্রাম কলেজের অনলাইন ভর্তি ফরমের হার্ডকপি
* দ্বৈত ভর্তির নাই মর্মে অঙ্গীকার নামা
* ভর্তি ফি পরিশোধের মাধ্যমে প্রাপ্ত ডিজিটাল রশিদের ৩ (তিন) কপি

৯। *শিক্ষার্থীরা উপরোল্লিখিত কাগজপত্র স্ব স্ব বিভাগে ২৭/০৮/২০২৫ খ্রি. হতে ৩১/০৮/২০২৫ খ্রি. পর্যন্ত (সরকারি ছুটির দিন ব্যতীত) সকাল ১০.০০টা থেকে দুপুর ১.০০ টার মধ্যে জমা দিতে হবে।*

১০। ভর্তি ফি এর পরিমাণ: এম.এ / এম.এস.এস ৪,৮৮৫/- (চার হাজার আটশত পঁচাশি), এম.এসসি ৫১৬০/-(পাঁচ হাজার একশত ষাট টাকা)। *(অমুসলিম শিক্ষার্থীদের ৫০/-(পঞ্চাশ) টাকা কম জমা দিতে হবে)*

সংশ্লিষ্ট বিভাগের করণীয়:

১। ভর্তি ফির পরিমাণ এবং শিক্ষার্থীর প্রদানকৃত উপরোল্লিখিত সকল কাগজপত্র যাচাইপূর্বক ০১.০৯.২০২৫ খ্রি. পর্যন্ত দুপুর ২:০০ টা থেকে বিকাল ৪:৩০ টার মধ্যে জমা গ্রহণ।

২। বিভাগ কর্তৃক ভর্তি ফরম নিশ্চয়নের পর কমিটি/সংশ্লিষ্ট অফিস সহকারীর নিকট জমাদানের শেষ তারিখ: ০১.০৯.২০২৫ খ্রি.

প্রতি স্বাক্ষর :

(প্রফেসর মোহাম্মদ মোজাহেদুল ইসলাম চৌধুরী)
আইডি নম্বর : ০০০০৮৫২৮
অধ্যক্ষ
চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম

(প্রফেসর মোহাম্মদ আবুল হাসেম চৌধুরী)
অধ্যাপক, রাষ্ট্রবিজ্ঞান
ও
আহ্বায়ক
প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) ভর্তি কমিটি-২০২২-২০২৩
চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম